দৈনিক ইত্তেফাক

তারিখ ....27 APR 2009
পৃষ্ঠা ...... কলাম ......

প্রক্টরের পদত্যাগ

# স্থানীয় এমপির নাম কার্ডে না থাকায় কুমিল্লা বিশ্বঃ নবীনবরণ বাতিল

কুমিল্লা থেকে স্টাফ রিপোর্টার ঃ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নবীনবরণ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে প্রধান অতিথি করলেও স্থানীয় এমপির নাম কার্ডে না থাকায় আপত্তির মুখে বাতিল করা হয়েছে বহু কাঙ্ক্ষিত নবীনবরণ অনুষ্ঠান। এমপির পক্ষে ২০/২৫ জন নেতাকর্মী গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ে গিয়ে নবীনবরণ অনুষ্ঠান স্থগিত করতে বলার পর বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এ এইচ এম জেহাদুল করীম পদত্যাগের সিদ্ধান্ত নিলেও সহকর্মীদের অনুরোধে শেষ পর্যন্ত পদত্যাগ করেননি। তবে শিক্ষামন্ত্রীর সাথে সার্বিক পরিস্থিতি আলোচনা করেছেন ভিসি। তারপরই বাতিল করা হয় নবীনবরণ অনুষ্ঠান। এদিকে গতকাল ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগ করেছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর আবু জাফর।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, আগামী ২৯ এপ্রিল কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীদের নবীনবরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি করা হয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে। বিশেষ অতিথি করা হয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলামকে। এছাড়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মহাজোটের কুমিল্লার সকল সংসদ সদস্যকে অতিথি করে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করেন। সে অনুযায়ী নবীনবরণ অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়। ইতিমধ্যে নবীনবরণ অনুষ্ঠানের কার্ড বিলি করাও শেষের পথে।

রোববার কুমিল্লার বরুড়া থেকে নির্বাচিত আওয়ামী লীগের সংসদ সদস্য নাসিমুল আলম চৌধুরী নজরুলের সমর্থক তিন নেতা কবির হোসেন ভূইয়া, আবদুল মালেক ভূইয়া ও আবদুল কাদের মজুমদার ভুলুসহ ২০/২৫ জন নেতাকর্মী কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে গিয়ে ভিসি প্রফেসর ড. এ এইচ এম জেহাদুল করীমের সাথে দেখা করে বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয় যে এলাকায় সে এলাকার এমপির সাথে আলোচনা না করে অনুষ্ঠান করা হচ্ছে এটা তার জন্য অপমানজনক। তাছাড়া কার্ডেও এমপির নাম নেই। এ সময় আওয়ামী লীগের নেতৃবৃন্দ ভিসির সাথে মৃদু তর্কবিতর্ক করে বের হয়ে-আসেন। পরে ভিসি প্রফেসর ড. এ এইচ এম জেহাদুল করীম টেলিফোনে কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে।

এদিকে এ ঘটনায় বিক্ষুব্ধ ভিসি প্রফেসর ড. এ এইচ এম জেহাদুল করীম পদত্যাগের সিদ্ধান্ত নেন। তবে শুভাকাঙ্ক্ষীদের অনুরোধে শেষ পর্যন্ত পদত্যাগ করেননি। তবে পদত্যাগপত্র লেখা হয়েছে বলে সূত্র জানিয়েছে।

এ ব্যাপারে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এ এইচ এম জেহাদুল করীমের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, অনিবার্য কারণে নবীনবরণ অনুষ্ঠান স্থগিত করা হয়েছে, কাজকর্ম এখনো শেষ হয়নি। স্থানীয় এমপিকে অতিথি না করায় নবীনবরণ নিয়ে সমস্যা হচ্ছে কিনা প্রশ্নের উত্তরে তিনি বলেন, ওটা কিছু হয়নি।